



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নং-১২৭/২০২১

তারিখ : ২৭ আশ্বিন ১৪২৮
১২ অক্টোবর ২০২১

সোনালী ব্যাংক লি., জনতা ব্যাংক লি. এবং রূপালী ব্যাংক লি. এ ২০১৯ সাল ভিত্তিক “এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (আইটি)/
এসিস্ট্যান্ট হার্ডওয়্যার মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সিনিয়র অফিসার (এসিস্ট্যান্ট হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার)
(Job ID No:10139) এর ৪৭ টি শূন্য পদে সমন্বিত নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের
MCQ Test গ্রহণের সময়সূচি ও পরীক্ষা কেন্দ্রের তালিকা সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভূক্ত সোনালী ব্যাংক লি., জনতা ব্যাংক লি. এবং রূপালী ব্যাংক লি. এ ২০১৯ সাল ভিত্তিক “এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (আইটি)/এসিস্ট্যান্ট হার্ডওয়্যার মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সিনিয়র অফিসার (এসিস্ট্যান্ট হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার) (Job ID No:10139) এর ৪৭ টি শূন্য পদে সমন্বিত নিয়োগের উদ্দেশ্যে এ সচিবালয়ের ০৬/০৫/২০২১ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তি নং- ৬৩/২০২১ এর প্রেক্ষিতে আবেদনকারি প্রার্থীদের ০১ ঘন্টা ব্যাপী ১০০ নম্বরের MCQ Test আগামী ২৫/১০/২০২১ তারিখ সোমবার বিকাল ৩.০০ টা হতে ৪.০০ টা পর্যন্ত ঢাকা সিটি কর্পোরেশনদ্বয়ের মধ্যে অবস্থিত নিম্নবর্ণিত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবেঃ

ক্রম	কেন্দ্রের নাম	ঠিকানা	প্রারম্ভ রোল	শেষ রোল
১	সেন্ট্রাল উইমেন্স কলেজ	১৩/২ অভয় দাস লেন, টিকাটুলী, ঢাকা-১২০৩	১০০০১	১২৮০০
২	লালমাটিয়া উচ্চ বালিকা বিদ্যালয়	৯/১৫, ব্লক-ডি, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭	১২৮০১	১৪৬৩১

২. পরীক্ষার প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (<https://erecruitment.bb.org.bd>) এ ইতোমধ্যে আপলোড করা হয়েছে। প্রার্থীগণ পরীক্ষা শুরুর অব্যবহিত পূর্ব পর্যন্ত ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।
৩. সামাজিক দূরত্ব মেনে সারিবদ্ধভাবে কেন্দ্রের অভ্যন্তরে প্রবেশ এবং চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ০১ (এক) ঘন্টা পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
৪. প্রবেশপত্র (০১ কপি) ব্যতীত কোন ধরনের কাগজ, বই, মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ বা অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।

মাষ্ক পরিধান ব্যতিরেকে কোন প্রার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না এবং কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

স্বাক্ষরিত/=

(মোঃ আজিজুল হক)

মহাব্যবস্থাপক ও সদস্য সচিব
ব্যাংকার্স সিলেকশন কমিটি